নং ৪৬.০৪৫.০২৭.০৮.৯৫.০৯৫.২০১৬-৬৯০—যেহেতু, হবিগঞ্জ জেলার বাহুবল উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, জনাব শিহাব উদ্দিন ছাকিব এর বিরুদ্ধে মে, ২০১৬ হতে জানুয়ারি, ২০১৭ পর্যন্ত ৯ (নয়)টি মাসিক সাধারণ সভায় এবং কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়টি বিভাগীয় কমিশনার, সিলেট এর তদন্ত প্রতিবেদনে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, তাঁর এহেন কর্মকাণ্ড উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান পদ হতে অপসারণযোগ্য অপরাধ এবং পরিষদ ও রাষ্ট্রের স্বার্থের হানিকর যা উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(ক) ও ১৩(১)(চ) ধারার অপরাধের শামিল;

যেহেতু, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(ক) ও ১৩(১)(চ) ধারার অপরাধে তাঁকে বিদ্যমান আইন/বিধি মোতাবেক আত্মপক্ষ সমর্থনের জন্য কারণ দর্শানো নোটিশ জারী করে তাঁর দাপ্তরিক ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে দু'বার প্রেরণ করা হয়;

যেহেতু, উক্ত পত্র প্রাপক কর্তৃক গৃহীত না হয়ে ডাক বিভাগ হতে ফেরত আসে এবং প্রাপক বিদেশ মর্মে ফেরত ডাকে/খামে উল্লেখ করা হয়;

যেহেতু, একজন নির্বাচিত জনপ্রতিনিধি হয়েও ধারাবাহিকভাবে পরিষদে অনুপস্থিত থাকায় উপজেলা পরিষদের দাপ্তরিক কর্মকাণ্ড ব্যাহত হয়েছে;

সেহেতু, এহেন কর্মকাণ্ডের পরিপ্রেক্ষিতে উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান হিসেবে তাঁর দ্বারা উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনা করা সমীচীন নয় বিধায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(২) নং ধারার বিধান বলে সরকার জনস্বার্থে তাঁকে তাঁর স্বীয় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(ক) ও ১৩(১)(চ) ধারার অপরাধে একই আইনের ১৩(২) ধারা অনুসারে হবিগঞ্জ জেলার বাহুবল উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, জনাব শিহাব উদ্দিন ছাকিবকে ভাইস চেয়ারম্যান পদ হতে অপসারণপূর্বক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান পদটি শূন্য ঘোষণা করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

লুৎফুন নাহার
সিনিয়র সহকারী সচিব।

স্থানীয় সরকার বিভাগ
পানি সরবরাহ-৩ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪২৪/২৮ মে ২০১৭

নং ৪৬.০০.০০০০.০৮৪.১৮.০১০.১১.১৫৬—পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (৬নং আইন) এর ৬(১)(ট) এবং ৬(৩) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ-এর মনোনীত প্রতিনিধি জনাব মোঃ আবুল হোসেন-কে ২৮-০৫-২০১৭ তারিখ হতে ৩(তিন) বছরের জন্য খুলনা ওয়াসা বোর্ডের সদস্য হিসেবে নিয়োগ প্রদান করা হল এবং গত ২৩-০৮-২০১৫ তারিখের ২৫৪নং স্মারক এতদ্বারা বাতিল করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাহানারা খাতুন
উপসচিব।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা প্রশাসন শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২১ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ/০৪ মে ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৫১.০০.০০০০.৩১০.০৬.০০৫.১৭-৭৩—গত ২৬ এপ্রিল ২০১৭ তারিখের ১৪ (চৌদ্দ) সদস্য বিশিষ্ট সিপিপির পলিসি কমিটির সভার সিদ্ধান্ত অনুসারে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি [Cyclone Preparedness Program (সিপিপি)] এর নাম পরিবর্তন সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত ৬ (ছয়) সদস্য বিশিষ্ট নিম্নোক্ত কমিটি গঠন করা হলো :

আহ্বায়ক

(১) অতিরিক্ত সচিব (সিপিপি), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নীচে নয়)

(৩) অর্থ মন্ত্রণালয়ের ১ জন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নীচে নয়)

(৪) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নীচে নয়)

(৫) বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি এর প্রতিনিধি (উপ-মহাসচিব)

সদস্য-সচিব

(৬) পরিচালক (প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)

২। গঠিত কমিটি ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) এর নামকরণ প্রস্তাব চূড়ান্ত করে ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে পলিসি কমিটির সভাপতির নিকট প্রতিবেদন দাখিল করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

জুলেখা সুলতানা
যুগ্মসচিব।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২৮ বৈশাখ ১৪২৪ বঃ/১১ মে ২০১৭ খ্রিঃ

নং ৩৩.০০.০০০০.১২৬.২১.০০১.১৩-২৭৮—জনাব মোঃ মশিউর রহমান, প্রেষণে সহকারী প্রধান (মূল পদঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-(সাবেক উপজেলা মৎস্য কর্মকর্তা, রামু, কক্সবাজার; অতিরিক্ত দায়িত্বে উপজেলা মৎস্য কর্মকর্তা, মহেশখালী, কক্সবাজার) এর বিরুদ্ধে কক্সবাজার সদর মডেল থানা মামলা নং-১৯, তারিখ: ০৭-১২-২০১৪ দায়ের করা হয়। অভিযোগ তদন্তকালে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় বিজ্ঞ আদালতে তাঁর বিরুদ্ধে অভিযোগপত্র নং ২১৯, তারিখ ০৩-০৪-২০১৭ দাখিল করা হয় বিধায় অভিযোগপত্র দাখিলের তারিখ হতে অর্থাৎ ০৩-০৪-২০১৭ হতে তাঁকে সরকারি চাকরিতে নির্দেশক্রমে সাময়িক বরখাস্ত করা হলো।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হাফছা বেগম
উপসচিব।

পরিবেশ ও বন মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১১ এপ্রিল ২০১৭ খ্রিঃ

নং ২২.০০.০০০০.০৭৯.১৪.০৭০.১৭-১১৩—পরিবেশ ও বন মন্ত্রণালয়ের আওতাধীন বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক, গাজীপুর এর এ্যাপ্রোচ সড়ক প্রশস্তকরণ ও অন্যান্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য আর্থিক লেনদেন নির্বাহের লক্ষ্যে প্রকল্প পরিচালকের কার্যালয়কে আয়ন-ব্যয়ন ইউনিট হিসেবে ঘোষণা করা হল।

২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে শুধুমাত্র প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য জারি করা হল।

নং ২২.০০.০০০০.০৭৯.১৪.০০৯.১৭-১১৪—পরিবেশ ও বন মন্ত্রণালয়ের আওতাধীন বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক, গাজীপুর (৩য় সংশোধিত)" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য আর্থিক লেনদেন নির্বাহের লক্ষ্যে প্রকল্প পরিচালকের কার্যালয়কে আয়ন-ব্যয়ন ইউনিট হিসেবে ঘোষণা করা হল।

২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে শুধুমাত্র প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবুল হাশেম
সহকারী প্রধান।

প্রশাসন শাখা-২

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১৮ এপ্রিল ২০১৭ খ্রিঃ

নং ২২.০০.০০০০.০৫২.২৭.০১০.২০১৬-২৯৭—জনাব তপন কান্তি দাস, ফরেস্টার, পার্বত্য চট্টগ্রাম দক্ষিণ বন বিভাগের অলিখিয়ং রেঞ্জাধীন ধূপশীল বিটে নিয়োজিত থাকাকালে ধূপশীল বিটের বনাঞ্চলের গাছ অবৈধভাবে কর্তন ও পাচার ব্যাপক হারে বৃদ্ধি পাওয়ায় দায়িত্ব অবহেলা ও সরকারের আর্থিক ক্ষতি সাধিত হওয়ার কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। অভিযুক্ত ফরেস্টার গত ১৯-০৫-২০১০ খ্রিঃ তারিখ জবাব দাখিল করেন এবং জবাব গৃহীত না হওয়ায় তদন্ত করানো হয়। তদন্তে জনাব তপন কান্তি দাস, ফরেস্টার এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়নি মর্মে গত ১২-০২-২০১৫ খ্রিঃ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। প্রধান বন সংরক্ষক গত ০২-০৪-২০১৫ খ্রিঃ তারিখ ২৫৯/পি নং আদেশে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) মোতাবেক জনাব তপন কান্তি দাস, ফরেস্টার-কে তিরস্কার দণ্ড প্রদান করা হলে তিনি আপিল দায়ের করেন।

২। বর্ণিত আপিল আবেদনের প্রেক্ষিতে অত্র আপিল মোকদ্দমার উদ্ভব ঘটে। গত ০৯-০৪-২০১৭ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় উভয় পক্ষের শুনানি গ্রহণ করা হয়। আপিলকারি শুনানিতে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সত্য নয় উল্লেখপূর্বক প্রধান বন সংরক্ষক প্রদত্ত দণ্ডাদেশ বাতিলের প্রার্থনা করেন। বন অধিদপ্তরের প্রতিনিধি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫, এর বিধিবিধান অনুসরণপূর্বক যথাযথ পদ্ধতি প্রয়োগে সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে শাস্তির আদেশ দেয়া হয়েছে বিধায় তা বহাল থাকবে মর্মে বক্তব্য উপস্থাপন করেন।

৩। এক্ষণে বিবেচ্য বিষয় হচ্ছে—

(ক) জনাব তপন কান্তি দাস, ফরেস্টার এর বিরুদ্ধে বর্ণিত বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কি-না;

(খ) অভিযোগের উপর প্রদত্ত তথ্যাদি পর্যাপ্ত ও উপযুক্ত কি-না;

(গ) মান ও গুণ বিচারে প্রদত্ত দণ্ডাদেশটি উপযুক্ত কিনা অথবা অপরাধের তুলনায় বেশি (Excessive) কিনা।

৪। পর্যালোচনা : বিভাগীয় মামলার মূল নথি পর্যালোচনা করে দেখা যায় যে, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৬(২) মোতাবেক বন অধিদপ্তরের পত্র নং ৮৪৭/পি, তারিখ: ১৪-১২-২০০৮ মূলে তাকে ব্যক্তিগত শুনানির সুযোগ দিয়ে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী গঠন করা হয়েছে। পরবর্তীতে অভিযুক্তের আত্মরক্ষামূলক জবাব যৌক্তিক ও গ্রহণযোগ্য বিবেচিত না হওয়ায় ২১-০৬-২০১১ তারিখ জনাব মোঃ জাহিদুর রহমান মিয়া, সহকারী বন সংরক্ষককে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করলে তিনি তার কার্যালয়ের পত্র নং-২২.০১.২৯০০.৩৬১.০৫.০০৬.১৫.৪১৩, তারিখ: ১২-০২-২০১৫ মূলে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। আপিলকারীর বিরুদ্ধে আনীত অভিযোগের (Charges) প্রেক্ষিতে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে প্রতিবেদন দাখিল করা হয়। বিভাগীয় মামলার আদেশটি পর্যালোচনায় দেখা যায় প্রধান বন সংরক্ষক কর্তৃক শুধুমাত্র তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন বিবেচনায় না নিয়ে অভিযোগের পারিপার্শ্বিক অবস্থা, অভিযোগের গুরুত্ব ও মাত্রা, তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন পর্যালোচনাক্রমে আদেশ প্রদান করা হয়েছে। জনাব তপন কান্তি দাস, ফরেস্টার বর্ণিত অপরাধ দমনে আন্তরিক না থাকায় অপরাধের মাত্রা এবং দণ্ডের মাত্রা বিবেচনায় নেয়ার মাধ্যমে দণ্ডাদেশটি যথার্থভাবে প্রদান করা হয়। ফলে আপিলকারীকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর যথাযথ প্রক্রিয়া ও পদ্ধতি অনুসরণে বর্ণিত দণ্ডাদেশ প্রদান করা হয়েছে প্রতীয়মান হয়। সুতরাং মামলার মূল নথি, আপিলকারীর আবেদন ও উভয় পক্ষের উপস্থাপিত বক্তব্যে দণ্ডাদেশটি মান ও গুণ যথাযথ বিবেচনায় হস্তক্ষেপযোগ্য নয় এবং আপিল আবেদন অনুসারে দণ্ডাদেশটি রদরহিত বা সংশোধনের অবকাশ নেই। এ অবস্থায়, অত্র আপিল মামলাটি নিম্নোক্তভাবে নিষ্পত্তি করা হলো :

আদেশ

বন অধিদপ্তরের অফিস আদেশ নং ২৫৯/পি, তারিখ: ০২-০৪-২০১৫ মূলে জনাব তপন কান্তি দাস, ফরেস্টার-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২) (এ) মোতাবেক তিরস্কার প্রদানের দণ্ডাদেশটি এতদ্বারা বহাল রাখা হলো।

নং ২২.০০.০০০০.০৫২.২৭.০০৯.২০১৪-২৯৮—জনাব মোঃ আব্দুল হামিদ খান, প্রাক্তন ফরেস্টার, বর্তমানে পদাবনত বন প্রহরী, উপকূলীয় বন বিভাগ, ভোলার দৌলতখান রেঞ্জের চর জহির উদ্দিন বিটে বিগত ১৪-১২-২০১১ তারিখ থেকে ২৬-০২-২০১২ পর্যন্ত বিট কর্মকর্তা হিসেবে নিয়োজিত থাকাকালীন সুকৌশলে জবর দখলকারীদের সাথে গোপন আতাঁত করে ব্যক্তি স্বার্থে সরকারি বনভূমি জবর দখল কাজে সক্রিয় সহযোগিতার মাধ্যমে সরকারের ২,৩৩,২৬,৮০০/ (দুই কোটি তেত্রিশ লক্ষ ছাব্বিশ হাজার আটশত টাকা) আর্থিক ক্ষতি সাধন করা, অর্পিত দায়িত্ব ও কর্তৃপক্ষের আদেশ পালন না করার কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুসারে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বন অধিদপ্তরের বিভাগীয় মামলা নং ০৬ অব ২০১৩, তারিখ ১০-০৬-২০১৩ রুজু করা হয়। তদপ্রেক্ষিতে জনাব মোঃ আব্দুল হামিদকে তলবিত কৈফিয়তের ২৪-০৪-২০১৪ তারিখ দাখিলকৃত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বন অধিদপ্তরের আদেশ নং-৫৩৯/পি, তারিখ: ১৪-০৮-২০১৪ মূলে উপবন সংরক্ষক জনাব মোঃ সাইদুর রশিদকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হলে তদন্ত করত পত্র নং-২২.০১.০০০০. ৫০২.৩৪.০০২.১৫.১১৫, তারিখ: ১০-০৯-২০১৫ মূলে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্তে অভিযুক্ত ফরেস্টারের বিরুদ্ধে আনীত অসদাচরণ ও দুর্নীতির অভিযোগের মধ্যে অসদাচরণের অভিযোগ প্রমাণিত ও প্রতিষ্ঠিত হয়েছে কিন্তু দুর্নীতির অভিযোগ প্রমাণিত ও প্রতিষ্ঠিত হয়নি মর্মে প্রতিবেদন দাখিল করা হয়। বর্ণিত বিভাগীয় মামলায় বন অধিদপ্তরের অফিস আদেশ নং ২৯৪/সি, তারিখ ৩১-০৩-২০১৬ মূলে অভিযুক্ত ফরেস্টার জনাব মোঃ আব্দুল হামিদ খানকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) মোতাবেক ফরেস্টার পদের নিম্ন পদে অর্থাৎ বন প্রহরী পদে পদাবনত করাসহ তার সাময়িক বহিষ্কারকালকে বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর আদেশ দেয়া হয়। বর্ণিত দণ্ডাদেশের বিরুদ্ধে প্রতিকার চেয়ে তিনি অত্র আপিল দায়ের করেন।

২। বর্ণিত আপিল আবেদনের প্রেক্ষিতে অত্র আপীল মামলার উদ্ভব ঘটে এবং গত ০৬-০২-২০১৭ তারিখ শুনানী গ্রহণ করা হয়। আপিলকারী শুনানীতে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সঠিক নয় বরং ঈর্ষা প্রসূত, তিনি নির্দোষ, তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামত বস্তুনিষ্ঠ ও যথাযথ নয় ইত্যাদি উল্লেখপূর্বক প্রধান বন সংরক্ষক প্রদত্ত দণ্ডাদেশ বাতিলের প্রার্থনা করেন। অপরদিকে বন অধিদপ্তরের প্রতিনিধি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধিবিধান অনুসরণপূর্বক বিভাগীয় মামলায় সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে শাস্তির আদেশ দেয়া হয়েছে বিধায় তা বহাল থাকবে মর্মে বক্তব্য উপস্থাপন করেন।

৩। এক্ষণে বিবেচ্য বিষয় হচ্ছে—

(ক) জনাব মোঃ আব্দুল হামিদ খান, প্রাক্তন ফরেস্টার বর্তমানে পদাবনত বন প্রহরী এর বিরুদ্ধে বর্ণিত বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কি-না;

(খ) অভিযোগের উপর প্রদত্ত তথ্যাদি পর্যাপ্ত ও উপযুক্ত কি-না;

(গ) মান ও গুণ বিচারে প্রদত্ত দণ্ডাদেশটি উপযুক্ত কিনা অথবা অপরাধের তুলনায় বেশি (Excessive) কিনা।

৪। **পর্যালোচনা :** বিভাগীয় মামলার মূল নথি পর্যালোচনা করে দেখা যায় যে, অভিযুক্তের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের পূর্বে তাকে কারণ দর্শানো হয়েছে। উক্ত কারণ দর্শানোর জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি মোতাবেক বন অধিদপ্তরের পত্র নং-২২.০১.০০০০.০০৭.৩২.৮২.১৩.১৫৭৯, তারিখ: ১০-০৬-২০১৩ মূলে তাকে ব্যক্তিগত শুনানির সুযোগ দিয়ে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী গঠন করা হয়েছে। পরবর্তীতে অভিযুক্তের আত্মরক্ষামূলক জবাব যৌক্তিক ও গ্রহণযোগ্য না হওয়ায় বন অধিদপ্তরের আদেশ নং-৫৩৯/পি, তারিখ: ১৪-০৮-২০১৪ মূলে উপবন সংরক্ষক জনাব মোঃ সাইদুর রশিদ-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তিনি তার কার্যালয়ের পত্র নং-২২.০১.০০০০.৫০২.৩৪.০০২.১৫.১১৫, তারিখ: ১০-০৯-২০১৫ মূলে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, তদন্তে দুর্নীতির অভিযোগ প্রামাণিত হয়নি কিন্তু রোজনামচা না লেখা সংক্রান্ত অভিযোগটি সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে। মামলা দায়েরে বিলম্ব এবং গাছ চুরির বিষয়ে আপিলকারীকে এককভাবে দায়ী করা হয়নি। তবে অপরাধের সুস্পষ্ট তথ্য রয়েছে এবং আপিলকারী সে ঘটনার অংশীদার বটে। বিভাগীয় মামলার আদেশে তদন্ত কর্মকর্তার প্রতিবেদনের সাথে একমত প্রকাশ করে দণ্ডাদেশটি প্রদান করা হয়েছে। সার্বিক বিবেচনায় আপিলকারীর বিরুদ্ধে আনীত অভিযোগ উপযুক্ত ও বিধিসম্মত প্রক্রিয়ায় প্রতিষ্ঠিত (Justified) হলেও অপরাধের মাত্রা ও দণ্ডের পরিমাণ বিবেচনায় আপিলকারীকে প্রদত্ত দণ্ডাদেশ বেশি (Excessive) প্রতীয়মান হয়। অপরদিকে আপিলকারীর সাময়িক বরখাস্তকালীন অনুপস্থিতি কর্তৃপক্ষের আদেশ মোতাবেক ছিল বিধায় এরূপ অনুমোদিতকালকে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করা সমীচীন হয়নি। সুতরাং বর্ণিত বিবেচ্য বিষয়সমূহ আপিলকারীর আবেদন ও উভয় পক্ষের উপস্থাপিত বক্তব্য এবং বিভাগীয় মামলার নথি বিশ্লেষণে দণ্ডাদেশটি মান ও গুণ যথাযথ বিবেচনায় হস্তক্ষেপযোগ্য মর্মে প্রতীয়মান হওয়ায় অত্র আপিল মামলাটি নিম্নোক্তভাবে নিষ্পত্তি করা হলো :

আদেশ

বন অধিদপ্তরের অফিস আদেশ নং ২৪৯/পি, তারিখ: ৩১-০৩-২০১৬ মূলে প্রাক্তন ফরেস্টার বর্তমানে পদাবনত বন প্রহরী জনাব মোঃ আব্দুল হামিদ খানকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (এ) মোতাবেক ফরেস্টার পদ হতে নিম্ন পদে অর্থাৎ বন প্রহরী পদে পদাবনত করার আদেশটি এতদ্বারা বাতিল করা হলো এবং একই বিধিমালার বিধি ৪(২)(ই) মোতাবেক ফরেস্টার হিসেবে তার বেতনস্কেলের নিম্নতম ধাপে অবনমন করা হলো। একই সাথে তার সাময়িক কর্মচ্যুত চাকরিকালকে কর্মকাল হিসেবে গণ্য করার আদেশ প্রদান করা হলো।

ইসতিয়াক আহমদ
ভারপ্রাপ্ত সচিব।

[একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত]

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৩ বৈশাখ ১৪২৪/২৬ এপ্রিল ২০১৭

নং **৩৮.০০৮.০৩৬.০০.০০.০০১.২০১১-২৫৫**—সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক কল্যাণ ট্রাস্ট অধ্যাদেশ, ১৯৮৫ ও সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক কল্যাণ ট্রাস্ট (সংশোধিত) আইন, ২০০০ (১৯৮৫ সালের ২৬ নং অধ্যাদেশ ও ২০০০ সালের ২২ নং আইন) এর ৫(১) উপধারায় অর্পিত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত সরকারি কর্মকর্তা এবং সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক প্রতিনিধিদের সমন্বয়ে নিম্নোক্তরূপে সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক কল্যাণ ট্রাস্টি বোর্ড গঠন করলেন :

১.	মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	চেয়ারম্যান (পদাধিকারবলে)
২.	পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	ভাইস-চেয়ারম্যান (পদাধিকারবলে)
৩.	উপ-পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	ট্রেজারার (পদাধিকারবলে)
৪.	যুগ্মসচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	সরকারি প্রতিনিধি, সদস্য
৫.	পরিচালক (পলি: ও অপা:), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	ঐ
৬.	পরিচালক (প্রশাসন), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট	ঐ
৭.	উপসচিব/সিনিয়র সহকারী সচিব (বিদ্যালয়-২), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	ঐ
৮.	জনাব মোঃ নুরুজ্জামান আনসারী, প্রধান শিক্ষক, কাজীরচর সরকারি প্রাথমিক বিদ্যালয়, মুলাদী, বরিশাল	শিক্ষক প্রতিনিধি, সদস্য
৯.	জনাব মোঃ আব্দুল্যাহ সরকার, প্রধান শিক্ষক, যোগীপাল সরকারি প্রাথমিক বিদ্যালয়, কালিহাতি, টাঙ্গাইল	ঐ
১০.	জনাব আব্দুল বাতেন, সহকারি শিক্ষক, উত্তর খান সরকারি প্রাথমিক বিদ্যালয়, গুলশান, ঢাকা	ঐ
১১.	জনাব মোঃ জাহিদুর রহমান বিশ্বাস, সহকারি শিক্ষক, ইসলামিয়া সমিতি সরকারি প্রাথমিক বিদ্যালয়, তেজগাঁও, ঢাকা	ঐ
১২.	বেগম নাসরিন সুলতানা, সহকারী শিক্ষক, পল্লবী সরকারি প্রাথমিক বিদ্যালয়, মিরপুর, ঢাকা	ঐ
১৩.	বেগম শাহীনুর আকতার, সহকারি শিক্ষক, আমিরবাগ সরকারি প্রাথমিক বিদ্যালয়, কেরাণীগঞ্জ, ঢাকা	ঐ
১৪.	জনাব আছাদুজ্জামান, সহকারি শিক্ষক, বর্নি সরকারি প্রাথমিক বিদ্যালয়, মুকসুদপুর, গোপালগঞ্জ	ঐ
১৫.	জনাব মোঃ জাহিরুল ইসলাম, সহকারি শিক্ষক, গটিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, সাঘাটা, গাইবান্ধা	ঐ
১৬.	জনাব মোহাম্মদ কামাল হোসেন, সহকারি শিক্ষক, কোয়াকোর্ট মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, কচুয়া, চাঁদপুর	ঐ
১৭.	বেগম মাহসুমা খানম, সহকারি শিক্ষক, সূত্রাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, সূত্রাপুর, ঢাকা।	সদস্য-সচিব

২। এ বোর্ডের মনোনিত সদস্যদের মেয়াদকাল হবে এ আদেশ জারির তারিখ হতে ২(দুই) বছর।

৩। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আব্দুল মান্নান
যুগ্মসচিব।

সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃংখলা শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ : ২৫ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ/০৮ মে ২০১৭ খ্রিস্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৭৬.০১.০০১.১৭-১৭**—যেহেতু, জনাব আবু ফাতাহ্ জেল সুপার, পিরোজপুর, জেলা কারাগার, পিরোজপুর, টাঙ্গাইল জেলা কারাগারের জেল সুপার হিসেবে কর্মরত থাকাকালে কোন নিয়মনীতি অনুসরণ না করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে অবৈধভাবে কারাগারের ভিতর ও বাইরের পুরনো মেহগনি, কাঁঠাল ও অন্যান্য ৬০/৭০টি গাছ কেটে ব্যক্তিগত আসবাবপত্র তৈরী করা, গভীর রাতে বন্ধুবান্ধব নিয়ে কখনো অফিসে কখনো কারাগারের বাইরে পুকুরপাড়ে সেন্ট্রি পোস্টে বসে বহিরাগত নেশাগ্রস্থ লোকদের সঙ্গে নেশা করা, কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর মাটি কাটা ও পুকুর খননের টাকা আত্মসাৎ করা, কাবিখা কর্মসূচি বাস্তবায়নে কারাগারের অন্য কর্মকর্তাকে সম্পৃক্ত না করা, তাঁর অসতর্কতায় একজন বন্দীর পলায়ন, আয়ের সাথে সংগতি হীন অর্থ দ্বারা জমি ক্রয়, কারাবন্দীদের মধ্যে মাদকদ্রব্য সরবরাহ, বদলীকৃত কর্মস্থলে যোগদান না করা ইত্যাদি কারণে তাঁর বিরুদ্ধে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৬ ফেব্রুয়ারী ২০১৫ খ্রিঃ তারিখের কারা-১ শাখার ৪৪.০০.০০০০.০২৩.০১.০২৩.২০০৮-৬৮ নং স্মারকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালায় ৩(বি) (সি) এবং (ডি) ধারা অনুযায়ী অসদাচরণ, ডিজারশন ও দূর্নীতিপরায়নতার অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, জনাব আবু ফাতাহ্ গত ২৪-০৩-২০১৫ খ্রিঃ তারিখে কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করতঃ ব্যক্তিগত শুনানী প্রদানসহ ও অভিযোগ হতে অব্যাহতি চান;

যেহেতু, অভিযুক্তের দাখিলকৃত জবাব গ্রহণযোগ্য বিবেচিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন উপসচিব কর্তৃক তদন্ত করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা অভিযোগসমূহ তদন্তপূর্বক জনাব আবু ফাতাহ্ এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ ৩(বি)(সি) এবং (ডি) অনুযায়ী অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামতসহ প্রতিবেদন দাখিল করেন।

যেহেতু, জনাব আবু ফাতাহ্ এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগসমূহ তদন্তে সন্দোহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে গুরুদন্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করে অব্যাহতি চান;

যেহেতু, ২য় কারণ দর্শানো নোটিশের জবাবে তিনি যে সকল বক্তব্য ও যুক্তি প্রদর্শন করেছেন তা সন্তোষজনক ও গ্রহণযোগ্য বলে বিবেচিত হয়নি।

যেহেতু, জনাব আবু ফাতাহ্ এর বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) (সি) এবং (ডি) ধারা মোতাবেক অসদাচরণ, ডিজারশন এবং দূর্নীতিপরায়নতার অভিযোগে দোষী সাব্যস্তপূর্বক তাঁকে গুরুদণ্ড তথা নিম্নপদে বা নিম্ন টাইমস্কেলে অবনমিত করণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, এক্ষণে, জনাব আবু ফাতাহ্, জেল সুপার, পিরোজপুর, জেলা কারাগার, পিরোজপুর (সাবেক জেল সুপার, জেলা কারাগার, টাঙ্গাইল) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি)(সি) এবং (ডি) বিধিমতে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অসদাচরণ, ডিজারশন এবং দূর্নীতিপরায়নতার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে উক্ত অভিযোগসমূহের দায়ে দোষী সাব্যস্ত করতঃ একই বিধিমালার ৪(৩)(এ) বিধিমতে এ প্রজ্ঞাপনে জারীর তারিখ হতে তাঁর বর্তমান পদ জেল সুপার হতে জেলার পদে অবনমিত করার গুরুদন্ড প্রদান করা হল। তিনি এ অবনমিত পদের প্রারম্ভিক জাতীয় বেতন স্কেল নবম গ্রেড অর্থাৎ ২২,০০০—৫৩,০৬০ টাকা প্রাপ্য হবেন।

ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী
সচিব।

শৃংখলা-২ শাখা

আদেশ

তারিখ : ২০ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ/০৩ মে ২০১৭ খ্রিস্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৭৭.০১.০০২.২০১৭-১৪**—যেহেতু, জনাব মধুসূদন সরকার বর্তমানে সহকারী পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, কিশোরগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়ার আঞ্চলিক পাসপোর্ট অফিসের সহকারী পরিচালক পদে কর্মরত থাকাকালে তাঁর বিরুদ্ধে পাসপোর্ট সংক্রান্ত বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির তথ্য পাওয়া যায়;

যেহেতু, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন উপসচিব কর্তৃক উক্ত অভিযোগসমূহ তদন্ত করা হলে তদন্তে অভিযোগসমূহ প্রাথমিকভাবে প্রমাণিত হয়;

যেহেতু, প্রাথমিকভাবে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে কারণ দর্শানো হয় এবং তিনি কারণ দর্শানোর জবাব দেন;

যেহেতু, কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় গত ২৯-০৫-২০১৬ খ্রি: তারিখে জনাব মধুসূদন সরকার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানী প্রার্থনা করলে গত ০৯-০৮-২০১৬ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় তা সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় অভিযুক্তের বিরুদ্ধে বিভাগীয় মামলার অভিযোগসমূহ তদন্তের জন্য একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক দাখিলকৃত প্রতিবেদনে জনাব মধুসূদন সরকার এর বিরুদ্ধে আনীত ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালায় ৩(বি) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ, কারণ দর্শানো নোটিশ, ব্যক্তিগত শুনানী, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন এবং এ বিভাগীয় মামলার সকল সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকার জনাব মধুসুদন সরকার, সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, কিশোরগঞ্জ (সাবেক সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, ব্রাহ্মণবাড়ীয়া)'কে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অপরাধে দোষী সাব্যস্তপূর্বক একই বিধিমালার ৪(২) বিধি অনুযায়ী তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বৎসরের জন্য স্থগিত রাখার লঘুদন্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এক্ষণে, সেহেতু জনাব মধুসূদন সরকার বর্তমানে সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, কিশোরগঞ্জ (সাবেক সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, ব্রাহ্মনবাড়ীয়া)'কে এ বিভাগীয় মামলায় ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি অনুযায়ী অসদাচরণের অপরাধে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২) (বি) বিধি মোতাবেক আদেশ জারির তারিখ হতে তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বৎসরের জন্য স্থগিত রাখার লুঘু দন্ড প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ফরিদ উদ্দিন আহম্মেদ চৌধুরী
সচিব।

জননিরাপত্তা বিভাগ
পুলিশ-১ অধিশাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৩ বৈশাখ ১৪২৪/২৬ এপ্রিল ২০১৭

নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০৪৩.১৬-৬১৪—যেহেতু, জনাব সঞ্জয় সরকার, অতিরিক্ত পুলিশ সুপার, সুনামগঞ্জ জেলায় কর্মরত আছেন। তিনি অতিরিক্ত পুলিশ সুপার, টাঙ্গাইল হিসেবে কর্মরত থাকাকালে গত ১৫-০৯-২০১৫ তারিখে টাঙ্গাইল জেলার কালিহাতীতে মোছাঃ সাহেরা বেগম ও তার ছেলে মোঃ আল আমিন-কে (মা ও ছেলেকে) লাঞ্ছিত করার ঘটনার সময় তিনি টাঙ্গাইল জেলার ভারপ্রাপ্ত পুলিশ সুপার হিসেবে দায়িত্ব পালনকালে কালিহাতী সাতুটিয়া গ্রামের লোকজন কর্তৃক দাখিলকৃত স্মারকলিপি উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতী, টাঙ্গাইল এর মাধ্যমে এবং তিনি নিজেও প্রাপ্তির পর সকল ঘটনা পূর্ব হতে অবহিত হওয়া সত্ত্বেও ব্যক্তিগতভাবে ঘাটাইল ও কালিহাতী থানা এলাকায় উপস্থিত হয়ে আইন শৃংখলা পরিস্থিতি যাতে অবনতি না হয় সে লক্ষ্যে কালিহাতী এবং ঘাটাইল থানা এলাকায় কোন প্রকার গণসংযোগ কিংবা জনগণের সাথে মত বিনিময় করেননি। এমনকি গত ১৮-০৯-২০১৫ তারিখ ঘাটাইল ও কালিহাতী থানা এলাকায় ডিউটিরত পুলিশ সদস্যদেরকে ডিউটিতে মোতায়েনের পূর্বে তিনি নিজে অথবা অন্য কোন পুলিশ কর্মকর্তা দিয়ে পুলিশ সদস্যদের কোন প্রকার ব্রিফিং এবং সৃষ্ট ঘটনা প্রতিরোধের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করেননি। গত ১৮-০৯-২০১৫ তারিখের ঘটনা সংক্রান্তে ঘাটাইল ও কালিহাতী থানার অফিসার ইনচার্জদ্বয়ের কার্যকলাপের উপর তার নিয়ন্ত্রণের শিথিলতা পরিলক্ষিত হয়েছে। ঘাটাইল এবং কালিহাতী থানা এলাকায় মা ও ছেলেকে লাঞ্ছিত করার ঘটনাকে কেন্দ্র করে জনগণের সাথে পুলিশের সৃষ্ট সংঘর্ষ প্রতিরোধের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে ব্যর্থ হয়েছেন। ফলে কালিহাতী এবং ঘাটাইল থানা এলাকায় ০৪ জন নিরীহ ব্যক্তি গুলিতে নিহত হন। এতে পুলিশের ভাবমূর্তি জনসম্মুখে চরমভাবে ক্ষুন্ন হয় এবং আইন শৃংখলা পরিস্থিতির চরম অবনতি হয়। তিনি তার নিয়ন্ত্রণাধীন পুলিশ সদস্যদের কার্যকলাপ তদারকিতে ব্যর্থ হওয়ায় পুলিশের সঙ্গে জনগণের অনাকাংখিত ঘটনা ঘটে। তার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য সঠিকভাবে পালন করলে অনাকাংখিত ঘটনা এড়ানো যেত। তিনি ভারপ্রাপ্ত পুলিশ সুপার, টাঙ্গাইল হিসেবে তার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য পালনে ব্যর্থতার পরিচয় দিয়েছেন। উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে তার বিরুদ্ধে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৪.০২.০৪৩.১৬-৬৬৪, তারিখ : ১৯-০৫-২০১৬ মূলে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করে অত্র মন্ত্রণালয়ের ০৪-০১-২০১৭ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০৪৩.১৬-২৪ সংখ্যক আদেশমূলে জনাব আহসান হাবীব পলাশ, পুলিশ সুপার, পিবিআই, ঢাকা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৪), ৭(১০) এবং ১০নং বিধির বিধান অনুসারে যথাযথভাবে তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

২। যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা করে দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তা জনাব সঞ্জয় সরকার এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি।

৩। সেহেতু, জনাব সঞ্জয় সরকার এর বিরুদ্ধে উক্ত বিধিমালার ৩(এ) ও ৩(বি) বিধানমতে আনীত অভিযোগসমূহের দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হ'ল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৬ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ/০৯ মে ২০১৭ খ্রিস্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০৯৪.০২.০৬৩.১৫-৬৯৫**—যেহেতু জনাব আব্দুল কাদের, সহকারী পুলিশ সুপার, সহকারী পরিচালক, র‍্যাব-১৪, সিপিসি-৩, ভৈরব ক্যাম্প, কিশোরগঞ্জ বর্তমানে সিনিয়র সহকারী পুলিশ সুপার (এসএএফ), খাগড়াছড়ি পার্বত্য জেলা ইতোপূর্বে ৩ এপিবিএন খুলনায় কর্মরত থাকাকালীন গত ০২-০২-২০১৫ তারিখ তার নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ আনজির হোসেন ও সঙ্গীয় ০৬ জন কনষ্টেবলসহ যশোর কোতয়ালী থানাধীন রেলগেট চাচড়া রায়পাড়াস্থ জনৈকা ফিরোজার বাড়ী ঘেরাও দিয়ে রুমের মধ্য হতে ধৃত আসামী (০১) হিরা (৩০), ও (০২) শরিফুল ইসলাম (৩৫) এর নিকট হতে ১৩ বোতল ভারতীয় ফেনসিডিল এবং ১৫৫ ছোট-বড় গাজার পুরিয়া উদ্ধার করে এসআই (নিঃ)/মোঃ আনজির হোসেন সাক্ষীদের উপস্থিতিতে জব্দ তালিকা প্রস্তুতপূর্বক যশোর কোতয়ালী থানায় আসামীদেরকে মালামালসহ বুঝিয়ে দিয়ে ১৯৯০ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ১৯(১) এর টেবিলের ৩(ক) এবং ৭(ক) ধারায় মামলা নং-৮ তারিখ : ০২-০২-২০১৫ রুজু করেন। তিনি উক্ত টিমের অপারেশনাল অফিসার হিসেবে অভিযানে নেতৃত্ব দিয়ে ঘটনাস্থলে উপস্থিত থেকে এসআই (নিঃ) মোঃ আনজির হোসেনকে দিয়ে উদ্দেশ্য প্রনোদিত হয়ে আসামীদেরকে মামলার দায় হতে বাঁচানোর জন্য দায়সারাভাবে ত্রুটিপূর্ণ জব্দতালিকা প্রস্তুত করিয়াছেন। তিনি মাদক ব্যবসায়ী ফিরোজা (বেবী)'র নিকট হতে আসামীদেরকে ছেড়ে দেয়ার আশ্বাস দিয়ে ৫০,০০০/- (পঞ্চাশ) হাজার টাকা উৎকোচ হিসেবে গ্রহণ করেন। উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় অফিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করা হয়; এবং

২। যেহেতু তিনি লিখিত জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানীতে হাজির হন। তিনি ব্যক্তিগত শুনানীতে হাজির হলে তার বিরুদ্ধে আনীত অভিযোগে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

৩। যেহেতু অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, উপস্থাপিত কাগজপত্র, সরকার পক্ষের বক্তব্য, অন্যান্য সংশ্লিষ্ট প্রাসংগিক বিষয়াদি, অভিযোগের গভীরতা ও সার্বিক অবস্থা পর্যালোচনা করা হয়েছে। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে। সার্বিক পর্যালোচনান্তে একজন নবীন কর্মকর্তা বিবেচনায় শুনানীর এই পর্যায়ে তাকে একটি লঘু দন্ড প্রদান যুক্তিযুক্ত হবে।

৪। সেহেতু সার্বিক অবস্থা পর্যালোচনা করে জনাব আব্দুল কাদের, সহকারী পুলিশ সুপার, সহকারী পরিচালক, র‍্যাব-১৪, সিপিসি-৩, ভৈরব ক্যাম্প, কিশোরগঞ্জ বর্তমানে সিনিয়র সহকারী পুলিশ সুপার (এসএএফ), খাগড়াছড়ি পার্বত্য জেলা-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৭(২)(বি) বিধি অনুসারে একই বিধিমালার ৪(২)(এ) বিধি মোতাবেক লঘুদন্ড হিসেবে "তিরস্কার" দন্ড প্রদান করে অত্র মামলাটি নিস্পত্তি করা হলো।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৯৪.০২.০৬১.১৬-৬৯৬**—যেহেতু ডাঃ মোঃ রানা মাহফুজুল হক, ই.এম.ও, বিভাগীয় পুলিশ হাসপাতাল, রাজশাহী গত ০১-০৭-২০১৩ হতে ১৯-০৭-২০১৪ তারিখ পর্যন্ত ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট হিসেবে বিভাগীয় পুলিশ হাসপাতাল, রাজশাহীতে কর্মরত থাকাকালীন মোঃ হাবিবুর রহমান, সিনিয়র স্টাফ নার্স, বিভাগীয় পুলিশ হাসপাতাল, রাজশাহীকে পুলিশ হাসপাতালের ঔষধ ভান্ডারের দায়িত্ব প্রদান করা হয়। বর্ণিত সিনিয়র স্টাফ নার্স সরকারি ঔষধ রক্ষণাবেক্ষণ ও বিতরণের দায়িত্বে নিয়োজিত থেকে উদ্দেশ্য প্রণোদিতভাবে হাসপাতালের চিকিৎসক কর্তৃক সংশ্লিষ্ট পুলিশ সদস্যদের ব্যবস্থাপত্রে কোন ঔষধ না লিখলেও আত্মসাতের নিমিত্ত ঔষধ বিতরণ দেখিয়ে ভুয়াভাবে বিতরণ রেজিস্টারে রক্ষণাবেক্ষণ করতঃ সর্বমোট ৬,৮৫,৫৩৬/- (ছয় লক্ষ পচাঁশি হাজার পাঁচশত ছত্রিশ) টাকা আত্মসাৎ করেন। উক্ত হাসপাতালে কর্মরত কর্মকর্তা কর্মচারীদের সঠিকভাবে দায়িত্ব ও কর্তব্য পালনের বিষয়সহ সকল প্রশাসনিক কর্মকান্ড তদারকি করা অভিযুক্তের দায়িত্ব। তদুপরি হাসপাতালে স্টোরকিপার পদে লোক থাকলেও তার আস্থাভাজন সিনিয়র স্টাফ নার্স মোঃ হাবিবুর রহমানকে ঔষধ ভান্ডারের দায়িত্বে রেখে তার উপর অর্পিত দায়িত্ব তদারকীতে ব্যর্থ হয়েছেন। ফলে সরকারের ৬,৮৫,৫৩৬/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে। অভিযুক্তের দুর্বল ব্যবস্থাপনার কারণে সিনিয়র স্টাফ নার্স মোঃ হাবিবুর রহমান উল্লেখিত টাকার ঔষধ হাসপাতাল থেকে সরানো ও ভুয়াভাবে বিতরণের সুযোগ পেয়েছে। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক অদক্ষতা এবং অসদাচরণের অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করা হয়; এবং

২। যেহেতু তিনি লিখিত জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানীতে হাজির হন। তিনি ব্যক্তিগত শুনানীতে হাজির হলে তার বিরুদ্ধে আনীত অভিযোগে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

৩। যেহেতু অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, উপস্থাপিত কাগজপত্র, সরকার পক্ষের বক্তব্য, অন্যান্য সংশ্লিষ্ট প্রাসংগিক বিষয়াদি, অভিযোগের গভীরতা ও সার্বিক অবস্থা পর্যলোচনা করা হয়েছে। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে। সার্বিক পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ লঘু প্রকৃতির বিবেচনায় শুনানীর এই পর্যায়ে তাকে একটি লঘু দন্ড প্রদান যুক্তিযুক্ত হবে।

৪। সেহেতু সার্বিক অবস্থা পর্যালোচনা করে ডাঃ মোঃ রানা মাহফুজুল হক, এ.এম.ও, বিভাগীয় পুলিশ হাসপাতাল, রাজশাহী-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৭(২)(বি) বিধি অনুসারে একই বিধিমালার ৪(২)(ই) বিধি মোতাবেক লঘুদন্ড হিসেবে "টাইম স্কেলের নিম্নস্তরে নামিয়ে দেয়ার" দন্ড প্রদান করা হলো।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০৬০.১৬-৬৯৭—যেহেতু, ডাঃ মোহাম্মদ হুমায়ুন কবীর, সুপারিনটেনডেন্ট হিসেবে বিভাগীয় পুলিশ হাসপাতাল, রাজশাহীতে কর্মরত থাকাকালীন মোঃ হাবিবুর রহমান সিনিয়র স্টাফ নার্স বিভাগীয় পুলিশ হাসপাতাল, রাজশাহীকে পুলিশ হাসপাতালের ঔষধ ভান্ডারের দায়িত্ব প্রদান করেন। উক্ত সিনিয়র স্টাফ নার্স সরকারি ঔষধ রক্ষণাবেক্ষণ ও বিতরণের দায়িত্বে নিয়োজিত থেকে উদ্দেশ্য প্রণোদিতভাবে হাসপাতালের চিকিৎসক কর্তৃক সংশ্লিষ্ট পুলিশ সদস্যদের ব্যবস্থাপত্রে কোন ঔষধ না লিখলেও আত্মসাতের নিমিত্ত ঔষধ বিতরণ দেখিয়ে ভূয়াভাবে বিতরণ রেজিস্টারে রক্ষণাবেক্ষণ করতঃ সর্বমোট ৬,৮৫,৫৩৬/- (ছয় লক্ষ পঁচাশি হাজার পাঁচশত ছত্রিশ) টাকা আত্মসাৎ করেন। অভিযুক্ত রাজশাহী বিভাগীয় পুলিশ হাসপাতালের সুপারিনটেনডেন্ট হিসেবে হাসপাতালে কর্মরত কর্মকর্তা কর্মচারীদের সঠিকভাবে দায়িত্ব ও কর্তব্য পালনের বিষয়সহ সকল প্রশাসনিক কর্মকান্ড তদারকি করা তার দায়িত্ব। তদুপরি, হাসপাতালে স্টোরকিপার পদে লোক থাকলেও তার আশীর্বাদপুষ্ট সিনিয়র স্টাফ নার্স মোঃ হাবিবুর রহমানকে ঔষধ ভান্ডারের দায়িত্বে রেখে তার উপর অর্পিত দায়িত্ব তদারকীতে ব্যর্থ হয়েছেন। অভিযুক্তের দুর্বল ব্যবস্থাপনার কারণে সিনিয়র স্টাফ নার্স মোঃ হাবিবুর রহমান উল্লেখিত টাকার ঔষধ হাসপাতাল থেকে সরানো ও ভূয়াভাবে বিতরণের সুযোগ পেয়েছে। তার এহেন তদারকীর অভাব হেতু সিনিয়র স্টাফ নার্স কর্তৃক ঔষধ আত্মসাতের পথ সুগম হয়েছে। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক অদক্ষতা এবং অসদাচরণের অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করা হয়; এবং

২। যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানীতে হাজির হন। তিনি ব্যক্তিগত শুনানীতে হাজির বলে তার বিরুদ্ধে আনীত অভিযোগ ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, উপস্থাপিত কাগজপত্র, সরকার পক্ষের বক্তব্য, অন্যান্য সংশ্লিষ্ট প্রাসংগিক বিষয়াদি, অভিযোগের গভীরতা ও সার্বিক অবস্থা পর্যালোচনা করা হয়েছে। অভিযুক্ত কর্মকর্তা বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে। সার্বিক পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ লঘু প্রকৃতির বিবেচনায় শুনানীর এই পর্যায়ে তাকে একটি লঘু দণ্ড প্রদান যুক্তিযুক্ত হবে।

৪। সেহেতু, সার্বিক অবস্থা পর্যালোচনা করে ডাঃ মোহাম্মদ হুমায়ুন কবীর, সুপারিনটেনডেন্ট, বিভাগীয় পুলিশ হাসপাতাল, রাজশাহী-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(বি) বিধি অনুসারে একই বিধিমালার ৪(২)(ই) বিধি মোতাবেক লঘুদণ্ড হিসেবে 'টাইম স্কেলের নিম্নস্তরে নামিয়ে দেয়ার' দণ্ড প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. কামাল উদ্দিন আহ্‌মেদ
সচিব।

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ বৈশাখ ১৪২৪/০৮ মে ২০১৭

নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০১৯.১৭-৬৭৪—যেহেতু, জনাব মোঃ রুহুল আমিন সরকার, এম. ফিল, বিপি-৮৩১৩১৫৯৪৮২, সহকারী পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা এর বিরুদ্ধে ডিএমপি হেডকোয়ার্টার্স আদেশ নং-১০/২০১৭, তারিখ: ১৯-০৪-২০১৭ এর স্মারক নং-ডিএমপি (সঃদঃ)/প্রশাসন/আদেশ/১২২-২০১৭/১৬৫৫/১(৭) মূলে গঠিত কমিটির সুষ্ঠু তদন্তের স্বার্থে তাকে চাকরি হতে এতদ্বারা সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালিন সময়ে তিনি পুলিশ অধিদপ্তরে সংযুক্ত থাকবেন।

২। বাংলাদেশ সার্ভিস রুল (বি.এস.আর) পার্ট-১, বিধি-৭১ মোতাবেক সাময়িক বরখাস্তকালীন তিনি খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ড. কামাল উদ্দিন আহ্‌মেদ
সচিব।

আইন-২ শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১৯ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ/০২ মে, ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৬.১৭-২০৭—বগুড়া জেলার বগুড়া সদর থানা মামলা নং-৩৮, তারিখ-১০-০৬-২০১৬ খ্রি: ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৬(২)(ঈ)/১২ এ বগুড়া থানাধীন খোকন পার্কে "বন্ধু ফান্ড বায়তুল মাল" ব্যানারে গত ১০-০৬-২০১৬ খ্রি: তারিখ গোপন বৈঠক চলছে। এরূপ সংবাদের ভিত্তিতে পুলিশ উক্ত স্থানে উপস্থিত হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় এজাহারনামীয় আসামীদের আটক করা হয়। তাঁদের দেয়া তথ্যমতে আসামী মোঃ সাদ্দাম হোসেন (২৬), পিতা-মোঃ নাজমুল হক এর শয়ন কক্ষ হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন ধরনের জিহাদী বই, ধারালো হাসুয়া ও ছোরা ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সরকার বিরোধী তথা রাষ্ট্র বিরোধী জিহাদী বই প্রচারণাসহ নাশকতার উদ্দেশ্যে রাষ্ট্রীয় সম্পত্তি ধ্বংস করার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারামতে সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্বারা জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১০.১৭-২১৫—বগুড়া জেলার গাবতলী মডেল থানার মামলা নং-১২, তারিখ-১২-০৬-২০১৬ খ্রি: ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৬(২)(ঈ)/১২ এ গত ১২-০৬-২০১৬ খ্রিঃ তারিখে গাবতলী থানাধীন গোলাবাড়ী বাজারস্থ আল-মাদ্রাসাতুল মুসলিম কওমী মাদ্রাসায় জেএমবি সংগঠনের ১০/১২ জন জঙ্গী সদস্য গোপন বৈঠক করছে এরূপ সংবাদের ভিত্তিতে উক্ত স্থানে পুলিশ উপস্থিত হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় মোঃ আহাসান হাবিব @ জামাত আলী (৩৬), পিতা-মৃত আব্দুল হামিদকে আটক করা হয়। তার দেয়া তথ্যমতে মাদ্রাসার অফিস কক্ষ হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন ধরনের জিহাদী বই ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জেএমবি সংগঠনের সক্রিয় সদস্য। তারা সরকার বিরোধী প্রচারণা, সন্ত্রাসী কর্মকান্ড ও নাশকতার পরিকল্পনা করার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারামতে সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্বারা জ্ঞাপন করা হলো।

তারিখ: ৩১ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ/১৪ মে, ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪(অংশ-১)-২৪৩—কোতোয়ালী মডেল থানার মামলা নং-১০২, তারিখ-২৬-১০-২০১৫ খ্রি: (ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৭/১০/১১ এ গত ২৬-১০-২০১৫ খ্রি: তারিখে কোতোয়ালী থানাধীন জনৈক ডা. এম এ জামান, চর্ম রোগ বিশেষজ্ঞ, কিশোরগঞ্জ মেডিকেল কলেজ হাসপাতালের ২য় তলা বিল্ডিং ঘরে ২০/৩০ জন দুস্কৃতিকারী সরকার বিরোধী গোপন বৈঠক করছে এরূপ সংবাদের ভিত্তিতে পুলিশ উক্ত স্থানে উপস্থিত হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় আসামী মোঃ গোলাম কবীর (২৭), পিতা-আফাজ উদ্দিনসহ ০৫ (পাঁচ) জনকে আটক করা হয়। তাদের দেয়া তথ্যমতে উক্ত বিল্ডিং এর নিচ তলায় দুটি কক্ষে তল্লাশী করে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন ধরনের জিহাদী বই ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জেএমবি সংগঠনের সক্রিয় সদস্য। আসামীগণ ষড়যন্ত্রমূলকভাবে সরকার বিরোধী কর্মকান্ড গতিশীল এবং উৎসাহিত করার উদ্দেশ্যে অপরাধ সংগঠনের ষড়যন্ত্র করে সন্ত্রাসী কার্য পরিচালনা করার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)] এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৭.১৭-২৪৫—শেরপুর সদর থানার মামলা নং-২৯, তারিখ-১৩-০৬-২০১৬ খ্রি: (ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ১০/১১) এ গত ১২-০৬-২০১৬ খ্রিঃ তারিখে শেরপুর থানাধীন মাধবপুর সাকিনস্থ জনৈক ইঞ্জিনিয়ার মাহমুদ দেলুয়ার হাসান ডিপটি এর পানিকুঞ্জ বাসার ভাড়াটিয়া মোছাঃ জান্নাতুন নাছরিন এর শয়ন কক্ষে কতিপয় লোকজন ষড়যন্ত্রমূলক গোপন বৈঠক করছে এরূপ সংবাদের ভিত্তিতে উক্ত স্থানে পুলিশ উপস্থিত হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় আসামী মোছাঃ জান্নাতুন নাছরিন (৪৫), স্বামী-মোঃ আমিনুল ইসলাম ও মোঃ আজহারুল ইসলাম (২০), পিতা-মোঃ আনছার আলীকে আটক করা হয়। তাদের দেয়া তথ্যমতে শয়ন কক্ষ হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন ধরনের জিহাদী বই ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জেএমবি সংগঠনের সক্রিয় সদস্য। তারা ষড়যন্ত্রমূলকভাবে সন্ত্রাসী কর্মকান্ডের মাধ্যমে দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি অবনতি ও সন্ত্রাসী কর্মকান্ডের প্ররোচিত করার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১৩.১৭-২৪৬—জীবননগর থানার মামলা নং-০৪, তারিখ-০৪-১২-২০১৩ খ্রি: (ধারা-১৯৫২ সালের পাসপোর্ট (অপরাধ) আইনের ৩(চ)(ছ)) এ গত ০৪-১২-২০১৩ খ্রি: তারিখে জীবননগর বাজারস্থ মোঃ আঃ মজিদ এর বসত বাড়ীর নীচ তলায় অফিসে একজন লোক অনেকগুলো পাসপোর্ট অবৈধভাবে নিজ হেফাজতে রেখেছে এরূপ সংবাদের ভিত্তিতে পুলিশ উক্ত স্থানে উপস্থিত হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় আসামী মোঃ লিটন হোসেন (২৩), পিতা-মোঃ আরমান মন্ডল এর নিকট থেকে প্রাপ্ত জব্দকৃত আলামত সবুজ রংয়ের ৪৩ (তেতাল্লিশ) টি পাসপোর্ট ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামী মোঃ লিটন হোসেন (২৩), অবৈধভাবে নিজ হেফাজতে বিভিন্ন লোকের নামীয় মোট ৪৩ (তেতাল্লিশ)টি পাসপোর্ট রাখার অপরাধ করেছে। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে পাসপোর্ট (অপরাধ) আইন, ১৯৫২ এর ৩(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ: ০১ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ/১৫ মে, ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৭-২৫৪—খিলগাঁও থানার মামলা নং-১২(০৬)১৬, তারিখ-০৭-০৬-২০১৬ খ্রি: (ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ১০) এ গত ০৭-০৬-২০১৬ খ্রি: তারিখে খিলগাঁও থানাধীন, দক্ষিণ বনশ্রীস্থ ই-ব্লক, রোড নং-৮, বাসা নং-৮ এর নির্মাণাধীন বিল্ডিং এর নিচ তলায় সরকার বিরোধী গোপন বৈঠক করছে এরূপ সংবাদের ভিত্তিতে পুলিশ উক্ত স্থানে উপস্থিত হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় আসামী মোঃ আবুল খায়ের (২৬), পিতা-মৃত আবুল হাসেমসহ ০৩ (তিন) জনকে আটক করা হয়। তাদের কাছ হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন ধরনের জিহাদী বই ও লিফলেট ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জেএমবি সংগঠনের সক্রিয় সদস্য। তারা ষড়যন্ত্রমূলকভাবে সরকার বিরোধী বিভিন্ন লিফলেট ও বই বতিরণের মাধ্যমে সংগঠনকে সহায়তা করার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৭-২৫৫—খিলগাঁও থানার মামলা নং-৪৫(০৫)১৬, তারিখ-২২-০৫-২০১৬ খ্রি: (ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ১০) এ গত ২১-০৫-২০১৬ খ্রি: তারিখে খিলগাঁও থানাধীন, দক্ষিণ বনশ্রীস্থ মসজিদ মার্কেটের পিছনে বাসা নং-৫৫, ব্লক নং-জি ভবনের ৩য় তলায় সরকার বিরোধী গোপন বৈঠক করছে এরূপ সংবাদের ভিত্তিতে পুলিশ উক্ত স্থানে উপস্থিত হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় আসামী মোছাঃ জাহানারা শাহিন আক্তার (৫২), স্বামী-মোঃ ইকবাল হোসেনসহ ০৯ (নয়) জনকে আটক করা হয়। তাদের দেয়া তথ্যমতে বাসার বিভিন্ন কক্ষ হতে প্রাপ্ত জব্দকৃত আলামত-বিভিন্ন ধরনের জিহাদী বই ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জেএমবি সংগঠনের সক্রিয় সদস্য। তারা ষড়যন্ত্রমূলকভাবে সরকার বিরোধী বিভিন্ন লিফলেট ও বই বতিরণের মাধ্যমে সংগঠনকে সহায়তা করার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

তাহ্‌মিনা বেগম
উপসচিব।

শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অধিশাখা-১০ (মাধ্যমিক-১)

প্রজ্ঞাপন

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ/১৪ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৩৭.০০.০০০০.০৭১.০১১.০০৩.২০১৫-৫৮৫—সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলাধীন জামালগঞ্জ মডেল উচ্চ বিদ্যালয়টি ১৪ জুন ২০১৭ খ্রিস্টাব্দ/৩১ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ তারিখ হতে সরকারিকরণ করা হলো।

২। এ শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোন শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন
উপসচিব।